দৈনিক ইনকিলাব

২৮/৫/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ... ২ ...

## শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির বৈঠক

# দুর্নীতি-অব্যবস্থাপনার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয় ধ্বংসস্তূপে পরিণত

অলিউল্লা নোমান ॥ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে পাঠ্যপুস্তক ছাপানোর দুর্নীতির তদন্ত এবং সময়মতো শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌছানোর সিদ্ধান্ত হয়েছে। এছাড়া মাধ্যমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে, প্রতিটি থানায় মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রণ কমিটি গঠনের জন্য প্রস্তাব করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। গতকাল (বুধবার) জাতীয় সংসদ ভবনে সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি নূরুল ইসলাম নাহিদ এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এমপি, হুইপ উপাধ্যক্ষ আবদুস শহিদ এমপি, কাজী সিরাজুল ইসলাম এমপি, পঞ্চানন বিশ্বাস এমপি, বেগম রাজিয়া মতিন চৌধুরী এমপি, আলমগীর কবির এমপি, মশিউর রহমান এমপি ও বেগম রওশন এরশাদ এমপি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও কর্মকর্তা উপস্থিত ছিলেন।

বৈঠকে আলমগীর কবির এমপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি দুর্গাদাসের দুর্নীতি-অনিয়ম ও অব্যবস্থাপনার তদন্ত দাবী করেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি দুর্নীতির বিভিন্ন প্রমাণ উপস্থাপন করে বলেন, দেশের সবচেয়ে বড় শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে ১০ লাখের উপরে ছাত্র-ছাত্রী পড়ালেখা করছে। তিনি বলেন, সময়মতো পরীক্ষা অনুষ্ঠান, ফলাফল প্রকাশ, সার্টিফিকেট প্রদানের লক্ষ্যে ও শিক্ষার মানউন্নয়নের উদ্দেশে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল। কিন্তু বর্তমান ভিসি ও পরীক্ষা নিয়ন্ত্রকের দুর্নীতি ও অনিয়মের কারণে এই বিশ্ববিদ্যালয়টি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। তিনি বিভিন্ন বিষয়ে দুর্নীতির কাগজপত্র দেখিয়ে বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ে আজ অরাজকতা নেমে এসেছে। এই দুর্নীতি-অনিয়ম ও অব্যবস্থাপনা রোধ করতে না পারলে দেশের উচ্চশিক্ষা বিপন্ন হয়ে যাবে। তিনি বলেন, দুর্নীতিপরায়ণদের এখানে রাখার কোন যৌক্তিকতা নেই।

এ প্রসঙ্গে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের সাবেক চীফ ইঞ্জিনিয়ারের দুর্নীতির তদন্ত এবং তাকে বরখাস্ত ও গ্রেফতারের দাবী জানান। বৈঠকে আলমগীর কবির এমপি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের দুর্নীতির কথা উল্লেখ করে তা তদন্তের দাবী করেন।